

নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজ

শাহজালাল এভিনিউ, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা-১২৩০।

নোটিশ


তারিখ: ০৮/০২/২০২২

এতদ্বারা নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজের সম্মানিত শিক্ষক/শিক্ষিকা, কর্মচারী ও সংশ্লিষ্ট সকলকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক সভার সিদ্ধান্ত অনুযায়ী চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে দেশের সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের (সরকারী ও বেসরকারী) শ্রেণি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতেও পরিপত্র জারি করা হয়েছে। উল্লিখিত নির্দেশনা মোতাবেক যথাযথভাবে শ্রেণি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে এবং অনলাইনে গৃহীত মাল্টিমিডিয়া ক্লাসের তথ্য যথাযথভাবে ড্যাশবোর্ডে এন্ট্রি নিশ্চিত করতে হবে। বিষয় শিক্ষক কর্তৃক মাল্টিমিডিয়া ক্লাসের পাশাপাশি মাল্টিমিডিয়া ব্যবহার করে কন্টেন্ট তৈরির মাধ্যমে যে ক্লাসসমূহ অনলাইনে নেয়া হচ্ছে তার তথ্য MMC অ্যাপ এর মাধ্যমে (<http://mmcm.gov.bd>) ড্যাশবোর্ডে এন্ট্রি নিশ্চিতকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রতিদিনই এমএমসি অ্যাপ ব্যবহার করে প্রতিবেদন জমাদানের হার বৃদ্ধি পাচ্ছে। অধিদপ্তর এবং মন্ত্রণালয় এই বিষয়টি অত্যন্ত আগ্রহ ও গুরুত্ব সহকারে দেখছেন। কিন্তু অনেকেই মাল্টিমিডিয়া ক্লাসের ছবি তোলায় বিষয়টি গুরুত্ব দিচ্ছেন না; শুধুমাত্র ক্লাসরুমের ছবি, শিক্ষার্থীদের ছবি, বোর্ড বইয়ের ছবি, খাতার ছবি অথবা সেলফি তুলে আপলোড দিচ্ছেন।

মনে রাখতে হবে যে, এই ছবির উদ্দেশ্য হল-মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং করা। এক্ষেত্রে ২ টি বিষয় গুরুত্বপূর্ণ- (১) শিক্ষার্থীসহ ক্লাসরুম (২) প্রোজেক্টর স্ক্রিনে কন্টেন্ট। সুতরাং ছবি তোলায় সময় ক্লাসের পিছনের দিকে গিয়ে শিক্ষার্থী এবং প্রজেক্টর স্ক্রিন সহকারে ছবি তোলাই হবে সঠিক পদ্ধতি। অন্যথায় শিক্ষা কর্মকর্তাকর্তৃক মনিটরিং সম্ভব হবে না এবং আপনার নামেই এই তথ্য ইনপুট হয়ে থাকবে যা পরবর্তীতে সক্রিয়তার বিবেচনায় প্রণোদনা নির্ধারণে বা মেন্টিরিং-এ প্রভাব ফেলতে পারে। তাই অ্যাপের মাধ্যমে ছবি তোলায় বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।


বিঃদ্র: ১। প্রত্যেক শিক্ষকদের মাল্টিমিডিয়া ক্লাসগুলো অবশ্যই ল্যাপটপে নিতে হবে।

২। ডিজিটাল কন্টেন্টের সাহায্যে ক্লাস নিয়ে প্রতিদিন কমপক্ষে ১টি ক্লাস MMC তে আপলোড করতে হবে।


(মো: শাহিনুর মিয়া)
অধ্যক্ষ
নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজ
শাহজালাল এভিনিউ, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা-১২৩০।

নওয়াব হাবিবুল্লাহ মডেল স্কুল এন্ড কলেজ


৮/২/২২

৮/২/২২

৮/২/২২